

আমদানি নিয়ন্ত্রিত পণ্যের তালিকা

আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুসারে

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
০৩.০৬	সকল এইচ এস কোড	চিংড়ি মাছ আমদানি নিষিদ্ধ।
১২.০৭	সকল এইচ এস কোড	পপি সীড ও পোস্তু দানা আমদানি নিষিদ্ধ (মসল্লা হিসাবে অথবা অন্য কোন ভাবেও পোস্তু দানা আমদানি যোগ্য হইবে না)।
১২.১১	সকল এইচ এস কোড	ঘাস (এনড্রোপোজেন এসপিপি) এবং ভাং (ক্যানাবিস সাটিভা) আমদানি নিষিদ্ধ।
১৩.০২	সকল এইচ এস কোড	আফিম আমদানি নিষিদ্ধ। আগরআগর ও পেকটিন ব্যতীত সকল পণ্য ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং ঔষধ শিল্প ব্যতীত অন্যান্য শিল্পের জন্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পোষক/মন্ত্রণালয়/সংস্থা এর পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
২৩.০৭	২৩০৭.০০.০০	ওয়াইন লীজ, আরগোল আমদানি নিষিদ্ধ।
২৭.১০	২৭১০.০০.৭১	<p>(ক) নিজস্ব শিল্প কারখানা/ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য ফার্নেস অয়েল আমদানির ক্ষেত্রে:-</p> <p>(1) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এবং সময় সময়, সরকার কর্তৃক জারিকৃত এতদসম্পর্কিত বিধি-বিধান আমদানিকারকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;</p> <p>(2) আমদানিতব্য ফার্নেস অয়েলের পরিমাণ ও গুণগতমান আমদানিকারক কর্তৃক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে অবহিত করিতে হইবে; এবং</p> <p>(3) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।</p> <p>(খ) অন্যান্য ব্যবহারকারীদের নিকট বিক্রয়/বিপণনের জন্য আমদানির ক্ষেত্রে:-</p> <p>(1) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এর বিধান অনুসারে এতদ্বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করিতে হইবে এবং সময় সময় সরকার কর্তৃক জারিকৃত এতদসম্পর্কিত বিধি-বিধান প্রযোজ্য হইবে;</p> <p>(2) বিক্রিতব্য পেট্রোলিয়াম পণ্যের গুণগতমান বিএসটিআই এর স্পেসিফিকেশন অনুযায়ী হইতে হইবে;</p> <p>(3) আমদানিকারককে ফার্নেস অয়েল সংগ্রহ, মজুদ ও বিপণনের যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;</p> <p>(4) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিএসটিআই এর প্রতিনিধিদল বিক্রিতব্য পণ্যের গুণগতমান পরীক্ষার জন্য যে কোন সময়ে আমদানিকারকের যে কোন স্থাপনা পরিদর্শন করিতে পারিবে;</p>

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
		<p>(5) আমদানিকৃত ফার্গেস অয়েল বাজার মূল্যে বিক্রয় করিতে হইবে;</p> <p>(6) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স সংগ্রহ করিতে হইবে;</p> <p>(7) কেবল ফার্গেস অয়েল ব্যবহারকারী শিল্প কারখানার নিকট সরাসরি ফার্গেস অয়েল বিক্রয় করিতে হইবে; এবং</p> <p>(8) মাসিক আমদানিকৃত এবং বিপণনকৃত ফার্গেস অয়েলের পরিমাণ ও গুণগতমান উল্লেখপূর্বক প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিকট প্রতিবেদন প্রেরণ করিতে হইবে।</p>
২৭.১১	সকল এইচ এস কোড	লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি), লিকুইফাইড প্রপেন ও বিউটেনস(যাহা এলপিগি'র অংগ) ব্যতীত পেট্রোলিয়াম গ্যাস এবং অন্যান্য গ্যাসীয় হাইড্রো-কার্বন আমদানি নিষিদ্ধ।
২৭.১৩	সকল এইচ এস কোড	পেট্রোলিয়াম কোক এবং পেট্রোলিয়াম বিটুমিন ব্যতীত পেট্রোলিয়াম তৈলের রেসিডিউ সমূহসহ সকল পণ্য আমদানি নিষিদ্ধ।
২৯.২৯	২৯২৯.৯০.০০	ঘন চিনি (Sodium Cyclamate) আমদানি নিষিদ্ধ।
২৯.৩০	২৯৩০.৯০.০০	কৃত্রিম সরিষার তৈল (এগ্লাইল আইসোথায়ো সায়োনেট) আমদানি নিষিদ্ধ।
৩৮.০৮	সকল এইচ এস কোড	<p>হেপ্টক্লোর-৪০, ডল্লিউপি, ডিডিটি, ডাইক্রোটোপস জেনেরিক নামে বাইড্রিন ব্রান্ড, মিথাইল ব্রোমাইড, ক্লোরোডেন-৪০ ডল্লিউপি এবং ডায়েলড্রিন নামক কীটনাশকসমূহ আমদানি নিষিদ্ধ; তবে এই এইচ এস হেডিং এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য অন্যান্য পণ্যসমূহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য, যথা:-</p> <p>(ক) এই আদেশের অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (১৪) তে বর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য;</p> <p>(খ) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সার্টিফিকেট ও নিশ্চয়তা প্রদানের ভিত্তিতে কেবল জনস্বাস্থ্যে ব্যবহারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে সিনথেটিক পাইরিথ্রয়েড গ্রুপের ডেলট্রামেথ্রিন আমদানি করা যাইবে;</p> <p>(গ) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিনথেটিক পাইরিথ্রয়েড গ্রুপের-</p> <ol style="list-style-type: none"> (1) Cyhalothrin, (2) Cypermethrin, (3) Cyfluthrin, (4) Fenvalerate, (5) Alpha Cypermethrin, (6) Es-Fenvalerate, (7) Deltamethrin, (8) Danitol 10 EC (Fenpropathrin) <p>কীটনাশক আমদানি করা যাইবে, যথা:-</p> <p>(অ) আমদানিকৃত কীটনাশকের বিবরণ অবশ্যই কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে প্রদান করিতে হইবে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উহার ব্যবহার মনিটর করিবে;</p>

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
		(আ) Pesticide Rules, 1985 মোতাবেক অনুমোদিত মাত্রা অনুযায়ী উহা ব্যবহার করিতে হইবে।
৫৬.০৮	সকল এইচ এস কোড	৪.৫ সেন্টিমিটার এর কম ব্যাস বা দৈর্ঘ্যের ফাঁস বিশিষ্ট মাছ ধরার জাল তথা কারেন্ট জাল (গীলনেট) আমদানি নিষিদ্ধ; তবে ৪.৫ সেন্টিমিটার এবং তদুর্ধ্ব ফাঁস বিশিষ্ট জাল Marine Fisheries Ordinance, 1983 (Ord. No. XXXV of 1983) এর আওতায় মৎস্য অধিদপ্তরের মহাপরিচালকের পূর্বানুমোদনক্রমে কেবল ডীপ সি ফিশিং নৌযান কর্তৃক আমদানিযোগ্য হইবে; মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক প্রতি বৎসর ট্রলার প্রতি এক জন আমদানিকারককে ৪.৫ সেন্টিমিটার ব্যাস ফাঁস বিশিষ্ট জালের ক্ষেত্রে সর্বাধিক ৮(আট) ব্যাগ-স্যাক পর্যন্ত আমদানির অনুমতি প্রদান করিতে পারিবেন।
৬৩.০৫	৬৩০৫.৩৩.০০	পলিপ্রোপাইলিন ব্যাগ ও পলিইথিলিন ব্যাগ আমদানি নিষিদ্ধ।
৮৪.০৮	৮৪০৮.৯০.১০ ৮৪০৮.৯০.২০ ৮৪০৮.৯০.৯০	থ্রি হুইলার যানবাহনের (টেম্পু, অটোরিক্সা ইত্যাদি) দুই স্ট্রোক ইঞ্জিনসহ চেসিস আমদানি নিষিদ্ধ।
৮৭.০১ হইতে ৮৭.০৪	সকল এইচ এস কোড	<p>(ক) যে কোন সিসি এর মোটর কার, মাইক্রোবাস, মিনিবাস, জীপসহ অন্যান্য পুরাতন যানবাহন এবং ট্রাক্টর নিম্নবর্ণিত শর্তে আমদানিযোগ্য, যথা:-</p> <p>(১) জাহাজীকরণ করিবার ক্ষেত্রে কোন যানবাহনই ৫(পাঁচ) বৎসরের অধিক পুরাতন হইবে না;</p> <p>(২) যে দেশে গাড়ী তৈরী হইয়াছে কেবল সেই দেশ (কান্ট্রি অব অরিজিন) হইতেই পুরাতন গাড়ী আমদানি করা যাইবে; তৃতীয় কোন দেশের মাধ্যমে পুরাতন গাড়ী আমদানি করা যাইবে না; তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে পুরাতন গাড়ী তৃতীয় কোন দেশে ব্যক্তিগতভাবে ব্যবহৃত পুরাতন বা রিকন্ডিশন্ড গাড়ী ভিন্ন অন্য কোন পুরাতন বা রিকন্ডিশন্ড গাড়ী তৃতীয় কোন দেশ হইতে আমদানি করা যাইবে না এবং তৃতীয় কোন দেশ হইতে আমদানির ক্ষেত্রে, যে দেশে গাড়ীটি ব্যবহার করা হইয়াছে (কান্ট্রি অব ইউজ) সেই দেশে গাড়ীটির রেজিস্ট্রেশন সনদ এবং রেজিস্ট্রেশন বাতিলের সনদ কান্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;</p> <p>(৩) জাপান হইতে পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটো এ্যাপ্রেইজাল ইনস্টিটিউট (জে এ এ আই) ও অন্যান্য দেশে তৈরী পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক গাড়ীর বয়স, মডেল নম্বর এবং চেসিস নম্বর উল্লেখ সম্বলিত প্রত্যয়নপত্র শুক্কায়ন পর্যায়ে দাখিল করিতে হইবে;</p> <p>(৪) আমদানিকৃত পুরাতন গাড়ী তৈরীর তারিখ বা বয়স নির্ধারণের ক্ষেত্রে গাড়ীর চেসিস তৈরীর তারিখের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গাড়ী তৈরীর তারিখ বা বয়স গণনা শুরু করিতে হইবে;</p> <p>(৫) জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক এবং অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক স্বীকৃত অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া গাড়ী তৈরীর তারিখ নির্ধারিত হইবে; যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে পুরাতন গাড়ী বা যানবাহন আমদানি করা যাইবে না;</p>

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
		<p>(৬) পেট্রোল চালিত গাড়ীর ক্ষেত্রে ক্যাটলাইটিক কনভার্টার এবং ডিজেল চালিত গাড়ীর ক্ষেত্রে ডিজেল পার্টিকুলেট ফিল্টার সংযোগ সম্পর্কে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস, আর, ও নং-২৯-আইন/২০০২, তারিখ ১৬ ফেব্রুয়ারি, ২০০২ মোতাবেক কার্যক্রম গ্রহণ করিতে হইবে;</p> <p>(৭) সীটবেল্ট ব্যতীত কোন প্রকার মটরগাড়ী আমদানি করা যাইবে না; এবং</p> <p>(৮) উইন্ডশিল্ড গ্লাস এবং ড্রাইভিং সিটের উভয় পার্শ্বের জানালার গ্লাস স্বচ্ছ হইতে হইবে যাহাতে গাড়ীর অভ্যন্তর দৃশ্যমান (Visible) হয়।</p> <p>(খ) ১৫০০ সিসির উর্ধ্বে যে কোন সিসির পুরাতন ট্যাক্সিক্যাব :- উপরের দফা (২) হইতে (৬) এ উল্লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে সর্বনিম্ন ১৫০০ সিসি (১% কম হলেও তা ১৫০০ সিসি হিসেবে গণ্য হইবে) ইঞ্জিন ক্যাপাসিটির অনধিক ৩(তিন) বৎসরের পুরাতন ট্যাক্সিক্যাব আমদানি করা যাইবে।</p>
	৮৭০৩.২২১	দুই স্ট্রোক ইঞ্জিন বিশিষ্ট থ্রি হুইলার যানবাহন (টেম্পু, অটোরিক্সা ইত্যাদি) আমদানি নিষিদ্ধ।
৮৭.০৮	সকল এইচ এস কোড	<p>নিম্নে উল্লিখিত মোটরযানের ব্যবহৃত যন্ত্রাংশ শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য-</p> <p>(ক) বডি যন্ত্রাংশ</p> <p>(১) বাম্পার;</p> <p>(২) ফ্রন্ট গ্রীল;</p> <p>(৩) ডোর এসেম্বলি;</p> <p>(৪) উইন্ড শীল্ড বা উইন্ড শীল্ড গ্লাস;</p> <p>(৫) মিররস;</p> <p>(৬) রেডিয়েটর এসেম্বলি;</p> <p>(৭) লাইট বা ল্যাম্প;</p> <p>(৮) ডেশ বোর্ড এসেম্বলি;</p> <p>(৯) বোনেট এসেম্বলি;</p> <p>(১০) ফেলডার এসেম্বলি;</p> <p>(১১) ডোর মিরর এসেম্বলি;</p> <p>(১২) সিটস (Seats)</p> <p>(১৩) রিয়ার মার্ভগার্ড এসেম্বলি;</p> <p>(১৪) কেবিন এসেম্বলি বা বডিস (Bodies);</p> <p>(১৫) হেড লাইটস (বাল্ব ব্যতীত)</p> <p>(১৬) টেইল ল্যাম্পস (বাল্ব ব্যতীত);</p> <p>(১৭) সাইড লাইটস এসেম্বলি;</p> <p>(১৮) ওয়্যারিং সেট;</p> <p>(১৯) ইএফআই কন্ট্রোল ইউনিট;</p> <p>(২০) স্টার্টার;</p> <p>(২১) অলটারনেটর;</p> <p>(২২) এডি কম্প্রেসর বা কন্ডেরসার বা কুলিং চেম্বার এসেম্বলি;</p>

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
		<p>(২৩) অন্যান্য রাবার চ্যানেলস এন্ড রাবার মোল্ডিংস; (২৪) ফিউজ বক্স; (২৫) ডিসট্রিবিউটর; (২৬) ডাম্পার; (২৭) নোস কার্ট।</p>
		<p>(খ) আন্ডার টেরেন যন্ত্রাংশ (1) পাওয়ার স্টিয়ারিং এসেম্বলী; (2) সাসপেনশন স্ক এ্যাবজর্ভারস; (3) স্টিয়ারিং হুইলস এসেম্বলি; (4) স্টিয়ারিং কলাম এন্ড স্টিয়ারিং বক্সেস; (5) ডিফারেন্সিয়াল এসেম্বলি; (6) প্রপেলার শেফট এসেম্বলি; (7) এক্সেলস এসেম্বলি; (8) ব্রেক ড্রাম এন্ড হাবস (Hubs) এসেম্বলি; (9) ভ্যাকুয়াম বুসটার উইথ ব্রেক মাস্টার পাম্প এসেম্বলি; (১০) ব্রেক ড্রামস এসেম্বলি; (১১) হুইল সিলিন্ডার এসেম্বলি; (১২) সাইলেঙ্গার এন্ড এক্সট্র পাইপস; (১৩) মাউন্টিং; (১৪) ফুয়েল পাম্প; (১৫) এয়ার ক্লিনার বক্স। শর্তসমূহ:- (১) বিনিয়োগ বোর্ড বা বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন বা সংশ্লিষ্ট অটোমোবাইল ও গাড়ী রিপেয়ারিং ও সার্ভিসিং এসোসিয়েশন বা রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিত স্বীকৃত রিপেয়ারিং ও সার্ভিসিং প্রতিষ্ঠান বর্ণিত যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে; (২) ব্যবহৃত মটরযানের যন্ত্রাংশ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য হইবে না; (৩) উল্লিখিত যন্ত্রাংশসমূহ আমদানির ক্ষেত্রে গুণগতমান সম্পর্কে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভিসার কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সনদপত্র দাখিল করিতে হইবে; (৪) বিক্রিত অথবা সংযোজিত যন্ত্রাংশের জন্য বিক্রেতা অথবা সংযোজনকারীকে কমপক্ষে ২(দুই) বৎসরের লিখিত গ্যারান্টি প্রদান করিতে হইবে; (৫) রিপেয়ারিং ও সার্ভিসিং প্রতিষ্ঠানকে অটোমোবাইল এন্ড রিপেয়ারিং সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য হইতে হইবে; (৬) সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আমদানিকৃত ব্যবহৃত যন্ত্রাংশ বিক্রয়ের সঠিক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে এবং প্রতি তিন মাস অন্তর বিক্রয়ের প্রতিবেদন সিসিআইএন্ডই এর নিকট দাখিল করিতে হইবে;</p>

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
		(৭) আমদানির পর সিসিআইএন্ডই আমদানিকৃত যন্ত্রাংশের ব্যবহার সম্পর্কে নিয়মিত মনিটর করিবে; (৮) স্বীকৃত রিপেয়ারিং এন্ড সার্ভিসিং প্রতিষ্ঠান হিসাবে মুসক নিবন্ধন ও টিআইএন থাকিতে হইবে এবং এতদসংশ্লিষ্ট কাগজপত্র ও দলিলাদি শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
৮৭.১১	সকল এইচ এস কোড	৩ (তিন) বৎসরের অধিক পুরাতন এবং ১৫৫ (একশত পঞ্চাশ) সিসি এর উর্ধ্ব সকল প্রকার মোটর সাইকেল আমদানি নিষিদ্ধ; তবে পুলিশ বিভাগের ক্ষেত্রে ১৫৫ সিসি'র উর্ধ্বসীমার এই বিধান প্রযোজ্য হইবে না; অনধিক ৩(তিন) বৎসরের পুরাতন মোটর সাইকেল আমদানির ক্ষেত্রে এই ৩(তিন) বৎসর সময়কাল যানবাহন তৈরীর পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে; পুরাতন মোটর সাইকেলের বয়স নির্ধারণের জন্য রেজিস্ট্রেশন ক্যানসেলেশন সার্টিফিকেটের বিকল্প হিসাবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদিত পরিদর্শন কোম্পানীর (পিএসআই) প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হইবে।
৯০.১৮	৯০১৮.৩১	গ্যাস সিরিঞ্জ আমদানি নিষিদ্ধ।
৯৩.০২	সকল এইচ এস কোড	রিভলভার ও পিস্তলসহ সকল পণ্য এবং এ্যামিনিউশন আগ্নেয়াস্ত্রের অনুমোদিত ডিলার কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে আমদানিযোগ্য; বেসরকারি খাতের জন্য টিসিবি বা নির্ধারিত সংস্থা বা ব্যক্তি বিশেষ কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি বা সুপারিশের ভিত্তিতে ১(এক) টি এনপিবি রিভলভার বা পিস্তলসহ ৫০ রাউন্ড গুলি বা এ্যামিনিউশন এবং ২২ বোর রাইফেল বা ১২ বোর শটগান বা বন্দুকসহ ১০০ রাউন্ড গুলি বা এ্যামিনিউশন বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতিক্রমে আমদানি করা যাইবে।
৯৩.০৩ হইতে ৯৩.০৫	সকল এইচ এস কোড	এয়ারগান আমদানি নিষিদ্ধ; তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে ক্রীড়া ও শুটিং ক্লাবে ব্যবহারের জন্য এয়ারগান আমদানি করা যাইবে; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে নিষিদ্ধ বোর ব্যতীত অন্যান্য আগ্নেয়াস্ত্রসহ সকল পণ্য আগ্নেয়াস্ত্রের অনুমোদিত ডিলার কর্তৃক আমদানিযোগ্য; বেসরকারি খাতের জন্য টিসিবি বা নির্ধারিত সংস্থা বা ব্যক্তি বিশেষ কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি বা সুপারিশের ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতিক্রমে আমদানি করা যাইবে।
৯৩.০৬	সকল এইচ এস কোড	(ক) এয়ারগান এ্যামিনিউশন আমদানি নিষিদ্ধ; তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি বা সুপারিশের ভিত্তিতে ক্রীড়া ও শুটিং ক্লাবে ব্যবহারের জন্য এয়ারগান এ্যামিনিউশন আমদানি করা যাইবে; (খ) অন্যান্য এ্যামিনিউশন প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য।